"একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত "

ISO 9001:2015 Certified

টেলিফোন ০৩৩১- ৬২২০০,৭৪৭০৭

ওয়েব www.fenipbs.org

ই-মেইল fenipbs84@gmail.com

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
মহিপাল, ফেনী

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নং-২৭.১২.৩০২৯.৫১৬.০২.০০৮.২২.১৩১৩

তারিখঃ- ২৩ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ। / ০৮ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ।

" আন্ত: পবিস নিয়োগ বিজ্ঞপ্তি "

ফেনী পল্লী বিদ্যুৎ সমিতিতে বিলিং সুপারভাইজার পদে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে নিয়োজিত বিলিং সহকারী পদে কর্মরত ও সর্বশেষ সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪, ৩০০-৫১ এবং পবিস কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত - ২০১২) এর আলোকে পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্নিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে **(A-4 সাইজের কাগজে)** স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

পদের নামঃ বিলিং সুপারভাইজার

প্রার্থীর যোগ্যতাঃ

01.	A minimum of 7 (seven) years working experience (on regular basis) as Billing Assistant in a PBS;
02.	Must be able to operate and maintain Billing Computer, Server and other office equipment;
03.	Ability to type at least 10 W.P.M in Bengali and 30 W.P.M in English.
04.	সংশ্লিষ্ট পদের সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের ন্যূনতম গড় রেটিং ৩.৫০ থাকতে হবে।
05.	পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী সকল শর্তসমূহ পূরন হতে হবে।

শর্তাবলীঃ-

আবেদনকারীগণকে পদের নাম উল্লেখপূর্বক নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, ধর্ম, বয়স, জাতীয়তা, চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখপূর্বক সিঃ জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজারের সুপারিশসহ স্বহস্তে লিখিত আবেদন পত্র (A-4 সাইজের কাগজে) আগামী ২১/০৩/২০২২ খ্রিঃ তারিখ রোজ সোমবার সকাল ১০.০০ ঘটিকার সময় প্রার্থীগণকে ফেনী পবিসের সদর দপ্তর, মহিপাল, ফেনীতে স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। আবেদন পত্রে নিম্নোক্ত কাগজ পত্র/দলিলাদি এজিএম (মানব সম্পদ/প্রশাসন) কর্তৃক সত্যায়িত পূর্বক সংযুক্ত করতে হবেঃ-

১। সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত রঙ্গিন ছবি।

২। বিগত ০৩ (তিন) বছরের কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত অনুলিপি।

৩। শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

৪। ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত অনুলিপি।

৫। চাকুরীতে নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক বর্তমান পদে যোগদান পত্র, নিয়মিতকরণ পত্রের সত্যায়িত ফটোকপি পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষনে কৃতকার্য হওয়ার প্রমান পত্রের সত্যায়িত ফটোকপি।

৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজারের সুপারিশ, বিনা আপত্তির সনদ পত্র এবং প্রার্থীর বিগত ০৩ (তিন) বছরের মধ্যে কোন গুরুদন্ড প্রাপ্ত হননি এবং বিগত ০১ (এক) বছরের মধ্যে কোন লঘু দন্ড প্রাপ্ত হননি, বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে একাধিকবার গুরুদন্ড প্রাপ্ত হন নি, বিগত ০৪ (চার) বছরের মধ্যে একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হন নি, বিগত ০৩ (তিন) বছরের মধ্যে একাধিকবার লঘুদন্ড প্রাপ্ত হননি এবং বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা বিভাগীয় মামলা অথবা ফৌজদারী মামলা চলমান নাই এই মর্মে প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে। পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহন করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত, বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা বিভাগীয় মামলা অথবা ফৌজদারী মামলা চলমান রয়েছে অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন রয়েছে এমন প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

৭। পদোন্নতির জন্য জেলা কোটা প্রযোজ্য নহে, তবে অত্র পবিসের ভৌগোলিক এলাকার (ফেনী সদর, ফুলগাজী, ছাগলনাইয়া, সোনাগাজী, দাগনভূঞা ও পরশুরাম) প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

৮। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য ''চলতি দায়িত্বে'' নিয়োগ দেওয়া হবে। ''চলতি দায়িত্বে'' থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি / পূর্ববর্তী পদে ফেরত যেতে হবে।

৯। চলতি দায়িত্বে থাকাকালীন সময়ে সর্বশেষ এলপিসি মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

১০। ইতোপূর্বে কোন পবিস হতে অপসারিত/ বরখাস্ত/ স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নেই।

১১। কোন প্রার্থী তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

১২। অত্র সমিতির সমিতি বোর্ড এলাকা পরিচালক/মহিলা পরিচালক/ মনোনিত পরিচালক/ পবিসের কর্মকর্তা/কর্মচারীদের স্বামী / স্ত্রী অথবা তাদের রক্ত সম্পর্কীয়দের আবেদন করার প্রয়োজন নাই।

১৩। প্রার্থীকে পরীক্ষায় অংশ গ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না ।

১৪। যে কোন আবেদন পত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১৫। শর্তাবলীতে উল্লেখ নাই এমন কোন বিষয়ে জটিলতা সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে।

08.03.22

(মোঃ আখতার হোসেন)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-

০১। পরিচালক, পবিস উন্নয়ন ও পরিচালন (দঃ অঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (সদয় অবগতির জন্য)।
০২। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার..................... পবিস-১/২/৩/ ৪।
০৩। ডিজিএম-সোনাগাজী/ দাগনভূঞা /পরশুরাম/ফুলগাজী/ ছাগলনাইয়া জোনাল অফিস/ সদর দপ্তর-কারিগরী, ফেনী পবিস, ফেনী ।
০৪। এজিএম- প্রশাসন/ (অর্থ-হিসাব/রাজস্ব)/এমএস/আইটি/ওএন্ডএম-রাজাপুর/কসকা/কাজিরহাট সাব-জোনাল অফিস, ফেনী পবিস।
০৫। নোটিশ বোর্ড, ফেনী পবিস।
০৬। অফিস নথি/মাষ্টার নথি।